**পররাষ্ট্রমন্ত্রীর কিরঘিজ প্রজাতন্ত্র ও উজবেকিস্তান সফর(১২-১৫ সেপ্টেম্বর,২০১৩)**

১.আগামী **১২-১৫** সেপ্টেম্বর **২০১৩** পররাষ্ট্রমন্ত্রী শ্রী সলমন খুরশিদ সরকারি স ফরে কিরঘিজ প্রজাতন্ত্র ও উজবেকিস্তান সফর করবেন।

২. আগামী **১৩** সেপ্টেম্বর **২০১৩** তিনি বিশকেকে ত্রয়োদশ সাংহাই সহযোগিতা সংগঠনের (এসসিও) রাষ্ট্রপ্রধানদের শিখর সম্মেলনে যোগ দেবেন। **২০০5** সাল থেকেই ভারত এসসিওর পর্যবেক্ষক এবং এই শিখর সম্মেলনে মন্ত্রিপর্যায়ের বৈঠকে অংশগ্রহণ করে আসছে। শিখর সম্মেলনের ফাঁকে পররাষ্ট্রমন্ত্রী সম্মেলনে আগত অন্য দেশের সম্মানীয় ব্যাকতিদের সংগে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হতে পারেন।

৩. উজবেকিস্তান সফরের সময় পররাষ্ট্রমন্ত্রী উজবেক বিদেশমন্ত্রীর সংগে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হবেন এবং ঐ অঞ্চলের ভারতীয় দূতাবাসের প্রধানদের একটি সম্মেলনে পৌরোহিত্য করবেন।

**নয়াদিল্লি**

**১০ সেপ্টেম্বর ২০১৩**